স্মারক নম্বর : সাপওয়া/কেরানী/ঢাকা-০৫/২০২৪ তারিখ : ১১/১১/২০২৪

# ফজিলাতুন নেসা শিক্ষাবৃত্তি

## শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহবান

সোশ্যাল অ্যাওয়ারনেস প্রোগ্রাম ফর ওমেন এন্ড অল (সাপওয়া), কেরানীগঞ্জ, ঢাকা-এর প্রতিষ্ঠাতা সভানেত্রী শিক্ষানুরাগী মিসেস ফজিলাতুন নেসা -এর নামে প্রথমবারের মতো শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে বৃহত্তর ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা, এতিম, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী যারা ২০২৪ সালে এসএসসি/সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তাদেরকে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী**

১. আবেদনকারীর মাধ্যমিক পর্যায়ে এসএসসিতে জিপিএ ৫ নম্বর থাকতে হবে এবং একাদশ/ দ্বাদশ শেণির নির্বাচনি পরীক্ষায় সন্তোষজনক ফলাফল (সর্বনিম্ন জিপিএ ৪.৫) থাকতে হবে। প্রতিবন্ধী প্রার্থীদে ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৪ পেতে হবে এবং একাদশ/ দ্বাদশ শেণির নির্বাচনি পরীক্ষায় সন্তোষজনক ফলাফল (সর্বনিম্ন জিপিএ ৩.৫) থাকতে হবে ।

২. শিক্ষার্থীকে অবশ্যই ঢাকা জেলার অধিবাসী হতে হবে। এক্ষেত্রে কেরানীগঞ্জের নারী শিক্ষার্থীরা অগ্রাধিকার পাবে।

৩. আবেদনকারীকে বৃত্তির জন্য সাপওয়া কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৪. আবেদনপত্রের সঙ্গে নিম্নের কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে।

৪.১ বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ১ কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪.২ এসএসসি পরীক্ষার এবং একাদশ/দ্বাদশ শ্রেণির নির্বাচনি পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৪.৩ বৃহত্তর ঢাকা জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৪.৪ পরিবারের বাৎসরিক আয়ের পরিমাণ উল্লেখ করে সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিল কিংবা উপজেলা / ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত বাৎসরিক আয় সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৪.৫ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৫. সোশ্যাল অ্যাওয়ারনেস প্রোগ্রাম ফর ওমেন এন্ড অল (সাপওয়া) ওয়েবসাইট থেকে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে।

৬. আবেদনকারী কর্তৃক বৃত্তির আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের সুপারিশ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে **সোশ্যাল অ্যাওয়ারনেস প্রোগ্রাম ফর ওমেন এন্ড অল (সাপওয়া), বাড়ি নং-১৯৩৯, ওয়ার্ড নং-০১, মধ্যেরচর (পশ্চিমপাড়া), শাক্তা, কেরানীগঞ্জ, ঢাকা -১৩১০** এই ঠিকানায় প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পর আর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৭. আবেদনকারী অধ্যয়নরত না হলে বৃত্তি প্রদান করা হবে না।

৮. নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদন পত্র সমূহ যাচাই-বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের তালিকা সাপওয়া ওয়েবসাইটে প্রদর্শন করা হবে এবং উক্ত তালিকায় বৃত্তি প্রদানের সময় ও স্থান জানানো হবে। এ ব্যাপারে আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রচার কিংবা পত্র ইমেইল মারফত যোগাযোগ করা হবে না।

ইয়াসমিন চৌধুরী

সভানেত্রী

সোশ্যাল অ্যাওয়ারনেস প্রোগ্রাম ফর ওমেন এন্ড অল (সাপওয়া)

মধ্যেরচর (পশ্চিমপাড়া), শাক্তা, কেরানীগঞ্জ, ঢাকা

মোবাইল : ০১৭৮০৬৯০৯৯৮, ০১৭১৬০৫৬১৯২